



ফোন: ৯৬৭৫২০১
রোকেয়া হল
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ

নং: রোহ/ধ/২১০৮/১০২৪

তারিখ: ০৬ আগস্ট, ১৪৩১ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

নোটিশ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অধ্যয়নরত ১ম বর্ষের ছাত্রীদের আবাসিক হওয়ার বিজ্ঞপ্তি (১ম কল)

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের রোকেয়া হলে সংযুক্ত, ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রীদের নিকট হতে হলে আবাসিক (দ্বিতীয়াবাসিক) হওয়ার জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য যে, মেধাক্ষেত্রে অনুসারে, একান্ত বিশেষ প্রয়োজনের ভিত্তিতে এবং সিট খালি থাকা সাপেক্ষে, ক্রমান্বয়ে সিট প্রদান করা হবে। শিক্ষার্থীবৃন্দকে আগামী ২২-০৯-২০২৪ ইং তারিখ হতে ২৯-০৯-২০২৪ ইং তারিখের মধ্যে সাদা কাগজে লিখিত আবেদনপত্র এবং উল্লেখিত কাগজপত্র চামেলী আবাসিক শিক্ষক অফিসে নির্ধারিত ফাইলে জমা দিতে বলা হলো। প্রাথমিকভাবে বাছাইকৃত ছাত্রীদের তালিকা পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানানো হবে।

আবেদন পত্র জমাদানের নিয়মাবলী :

ছাত্রীকে বিভাগীয় চেয়ারম্যান/পরিচালক এর মাধ্যমে সাদা কাগজে প্রাধ্যক্ষ, রোকেয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে:

১. দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
২. পে-ইন-স্টিপের ১টি সত্যায়িত ফটোকপি, মেধাক্ষেত্রের প্রমাণপত্র অবশ্যই সঙ্গে দিতে হবে।
৩. আবেদন পত্রে ছাত্রীর ফোন নম্বর, মেধাক্ষেত্রের এবং বিষয়সহ অভিভাবকের নাম ও ফোন নম্বর, ঢাকা শহরে বসবাসরত ১জন স্থানীয় অভিভাবকের ঠিকানা ও মোবাইল/ফোন নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। স্থানীয় অভিভাবককে বিবাহিত হতে হবে যিনি পরিবারসহ ঢাকা শহরে বসবাস করেন। পুরুষ অভিভাবক হলে তার স্ত্রীর নাম ও ফোন নম্বর উল্লেখ করতে হবে।
৪. এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষার মার্কশীট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
৫. আবেদন পত্রের উপর সংশ্লিষ্ট বিভাগের ছাত্র উপদেষ্টার সুপারিশ এবং চেয়ারম্যান/পরিচালক এর স্বাক্ষর থাকতে হবে।
৬. দৃষ্টি প্রতিবন্ধি, ক্ষুদ্র ন্যোগাত্মক ও বিশেষ যোগ্যতা সম্পন্ন ছাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে সৌচ প্রদান করা হবে।
৭. দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে সৌচ প্রদান করা হবে।
৮. সহ-শিক্ষায় পুরুষার থাকলে তাকে অগ্রাধিকার দেয়া হবে। সে জন্য সহ শিক্ষায় সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
৯. শিক্ষার্থীকে দাগ্তারিক প্যাডে পারিবারিক আয়ের সনদপত্র প্রদান করতে হবে।
১০. ঢাকা শহরে অবস্থিত স্কুল ও কলেজ থেকে এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ছাত্রী আবাসিক হওয়ার জন্য আবেদন করতে পারবে না।
১১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাস যে সকল রুটে চলাচল করে তারা আবেদন করতে পারবে না।

MABegum
21-০৯-2024

অধ্যাপক ড. হোসনে আরা বেগম

প্রভোস্ট, রোকেয়া হল

ঢাকা বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাপদ্ধতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সকল বিভাগের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনসিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। নোটিশ বোর্ড, রোকেয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।